তারিখ 21 DEC 2017
পৃষ্ঠা ... কলাম ...

সমকাল

# এমপিওভুক্তির দাবিতে জানুয়ারিতে মহাসমাবেশ

■ সমকাল প্রতিবেদক

সরকারের স্বীকৃতি পাওয়া পাঁচ হাজার শিক্ষা প্রতিষ্ঠান ও লক্ষাধিক শিক্ষক-কর্মচারীকে এমপিওভুক্ত করার দাবিতে আগামী ২৫ জানুয়ারি ঢাকায় মহাসমাবেশ করার ঘোষণা দিয়েছে স্বাধীনতা নন-এমপিও শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক-কর্মচারী ফেডারেশন। গতকাল বুধবার জাতীয় প্রেস ক্লাবে এক সংবাদ সম্মেলনে সংগঠনটির সভাপতি অধ্যক্ষ মো. এশারত আলী এই কর্মসূচি ঘোষণা করেন। মহাসমাবেশের আগে ২৪ ডিসেম্বর থেকে ২০ জানুয়ারি জেলায় জেলায় মতবিনিময় সভা, গণসংযোগ এবং জেলা ও বিভাগীয় পর্যায়ে সমাবেশের কর্মসূচিও রেখেছে সংগঠনটি। সংবাদ সম্মেলনে শিক্ষকদের যোগদানের তারিখ থেকে চাকরি কার্যকরের দাবিও জানানো হয়।